

১৮তম সাপ-ই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠান ও ডিনার
তারিখঃ ২৭ অক্টোবর ২০২১

স্কুল অফ লজিস্টিকস এন্ড ম্যানেজমেন্ট (সোলাম) এ অনুষ্ঠিত ১৮তম সাপাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স এর কোর্স সমাপনী উপলক্ষে গত ২৭ অক্টোবর ২০২১ তারিখ ২০০০ ঘটিকায় ঘাঁটিস্থ ওয়ার্ডরুম লনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ২০৩০ ঘটিকায় বাল্ফেট বল গ্রাউন্ডে কোর্স সমাপনী ডিনার অয়োজন করা হয়। অনুষ্ঠানে কমান্ডার খুলনা নেভাল এরিয়া কমডোর আব্দুল্লাহ আল মামুন চৌধুরী, (এন), বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত অনুষ্ঠানে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন সহ ঘাঁটিস্থ সকল কর্মকর্তা এবং খুলনা নৌ অঞ্চলের উর্দ্ধতন সামরিক ও অসামরিক কর্মকর্তাগণ সক্রিয় অংশ গ্রহণ করেন।



চিত্রঃ ১৮তম সাপাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠান ও ডিনার এর কয়েকটি মুহূর্ত।

১৮তম সাপ-ই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী সনদ প্রদান
তারিখঃ ২৮ অক্টোবর ২০২১

স্কুল অফ লজিস্টিকস এন্ড ম্যানেজমেন্ট (সোলাম) এ গত ২৮ অক্টোবর ২০২১ তারিখ ১০০০ ঘটিকায় ঘাঁটিস্থ লেকচার হলে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন কর্তৃক ১৮তম সাপাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স এ অংশ গ্রহণকারী অফিসারদের কোর্স সমাপনী সনদ প্রদান করা হয়। সনদ প্রদান শেষে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন কোর্সে অংশ গ্রহণকারী অফিসারদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।



চিত্রঃ ১৮তম সাপাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী সনদ প্রদান এর কয়েকটি মুহূর্ত।

সিও'স টক
তারিখঃ ৩১ অক্টোবর ২০২১

গত ৩১ অক্টোবর ২০২১ তারিখ ১২৩০ ঘটিকায় সোলামের শিপস্ কোম্পানি ডাইনিং হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক,(এস),পিএসসি,বিএন বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতির ২য় ধাপে স্বাভাবিক জীবন যাপনের পাশাপাশি সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা ও সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য নির্দেশনা মেনে চলার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি বিকাশ একাউন্টের মাধ্যমে টাকা লেনদেনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন, স্যালারি একাউন্টে রেশন ভাউচারের সমপরিমান অর্থ জমা রাখা, মাদক গ্রহণের কুফল ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বনের পাশাপাশি বিবাহ বহির্ভূত সম্পর্ক থেকে সকলকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। উক্ত সিও'স টকে ঘাঁটির সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক এবং অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



চিত্রঃ সিও'স টকের কয়েকটি মুহূর্ত।